

QP Code: 23/PT/1/VIIA

স্নাতকোত্তর পাঠক্রম (P.G.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) : জুন, ২০২৩ / ডিসেম্বর, ২০২৩

বাংলা (Bengali)

সপ্তম পত্র – ক (7A Paper)

RABINDRA SAHITYA

সময় : চার ঘণ্টা

Time : 4 hours

পূর্ণমান : ১০০

Full Marks : 100

(মানের গুরুত্ব : ৮০%)

(Weightage of Marks : 80%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) : ১৮ × ২ = ৩৬

- ক) রবীন্দ্রকাব্যধারায় ‘শ্যামলী’ কাব্যের স্থান নিরূপণ করে ‘আমি’ কবিতার স্বরূপ বিশ্লেষণ করুন।
- খ) “ল্যাবরেটরির স্বার্থেই যে সোহিনী নীলা ও রেবতীর পরিণয় চেয়েছিল, সেই কিন্তু ভিতরে ভিতরে নীলা ও রেবতীর প্রণয়ের বিরোধী হয়ে উঠল।” — পাঠ্য গল্প অবলম্বনে সোহিনীর চরিত্র বিশ্লেষণ প্রসঙ্গে উদ্ধৃত মন্তব্যের নিহিতার্থ বুঝিয়ে দিন।
- গ) “মনে করিয়াছিলাম জীবনবৃত্তান্তের দুই-চারিটা মোটামুটি উপকরণ সংগ্রহ করিয়া ক্ষান্ত হইব। কিন্তু দ্বার খুলিয়া দেখিতে পাইলাম জীবনের স্মৃতি জীবনের ইতিহাস নহে — তাহা কোন্ এক অদৃশ্য চিত্রকরের স্বহস্তের রচনা।” — উদ্ধৃতাংশের আলোকে ‘জীবনস্মৃতি’র স্বরূপ নির্ধারণ করুন।
- ঘ) গোরা ও বিনয়ের চরিত্র বিকাশে সুচরিতা ও ললিতা চরিত্রের ভূমিকা ও গুরুত্ব আলোচনা করুন।

TE/PG(TH)20175

[Turn over

২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) : ১২ × ৩ = ৩৬

- ক) ‘বসুন্ধরা’ কবিতাটিতে মর্ত্যপীতি, আনন্দবোধ ও পৃথিবীর সঙ্গে জন্মান্তরীণ সম্পর্কজনিত বিরহবোধ একই সঙ্গে অস্থিত ।” — আলোচনা করুন ।
- খ) ‘ছিন্নপত্র’ অবলম্বনে রবীন্দ্রনাথের নিসর্গপীতির পরিচয় দিন ।
- গ) ‘সে’ কি ‘শিশুসাহিত্যের ছদ্মবেশে বড়োদের বই’ ? প্রাসঙ্গিক দৃষ্টান্তসহ বুঝিয়ে দিন ।
- ঘ) ‘রক্তকরবী’ নাটক অবলম্বনে বিশু পাগল কর্তৃক গীত গানগুলির তাৎপর্য সংক্ষেপে ব্যাখ্যা করুন ।
- ঙ) ‘রবিবার’ গল্প অনুসরণে অভীক চরিত্রের পরিচয় দিন ।
- চ) ইউরোপ ও ভারতীয় জীবনদর্শনের যে বৈপরীত্য ‘ভারতবর্ষের ইতিহাস’ প্রবন্ধে রবীন্দ্রনাথ দেখিয়েছেন, তা সূত্রাকারে লিপিবদ্ধ করুন ।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১৫০ শব্দে) : ৭ × ৪ = ২৮

- ক) ‘জীবনস্মৃতি’ অবলম্বনে রবীন্দ্রনাথের পিতৃদেবের সংক্ষিপ্ত পরিচয় দিন ।
- খ) ‘শ্যামলী’র পঠিত কবিতা অবলম্বনে কবির ‘শেষবেলাকার ঘরখানি’র পরিচয় দিন ।
- গ) “তাহা ভারতবর্ষের পুণ্যমন্দের পুঁথিটিকে একটি অপরূপ আরব্য উপন্যাস দিয়া মুড়িয়া রাখিয়াছে ।” — প্রসঙ্গ নির্দেশপূর্বক রবীন্দ্রনাথের এই অভিমতটি সংক্ষেপে বুঝিয়ে দিন ।
- ঘ) ‘রক্তকরবী’ নাটকে অধ্যাপক এবং গোঁসাই-এই দুই চরিত্রের তাৎপর্য ব্যাখ্যা করুন ।
- ঙ) আনন্দময়ীকে ‘তুমিই আমার ভারতবর্ষ’ বলার তাৎপর্য কী ?
- চ) ‘চিত্রা’ কাব্যগ্রন্থের ‘পূর্ণিমা’ কবিতার প্রেক্ষাপট ‘ছিন্নপত্র’য় কীভাবে বর্ণিত হয়েছে আলোচনা করুন ।
- ছ) ‘বুদ্ধির ঝাঁজে তোমার রস যাচ্ছে শুকিয়ে’ — কোন্ গল্প প্রসঙ্গে এই উক্তি করা হয়েছিল এবং কেন একথা বলা হয়েছিল লিখুন ।
- জ) ‘জীবনস্মৃতি’ অনুসরণে ‘বাল্মীকিপ্রতিভা’র স্বাতন্ত্র্য আলোচনা করুন ।